যেকোনো প্রশিক্ষণ গ্রহণ করে একজন নারী নিজ পায়ে দাঁড়াতে পারছে: কামারুল এমপি

কুষ্টিয়া-২(মিরপুর-ভেড়ামারা) আসনের সংসদ সদস্য কামারুল আরেফিন বলেছেন, যেকোনো প্রশিক্ষণ গ্রহণ করে একজন নারী নিজ পায়ে দাঁড়াতে পারছে।

তিনি বলেন, এখন আর নারীদের বসে থাকার সময় নেই, যেকোনো প্রশিক্ষণ গ্রহণ করে একজন নারী নিজ পায়ে দাঁড়াতে পারছে এবং অর্থনৈতিকভাবে নিজে স্বাবলম্বী হয়ে পরিবার ও দেশের কাজে অগ্রণী ভূমিকা রাখছে।

গতকাল বৃহস্পতিবার সকালে জাতীয় মহিলা সংস্থা কুষ্টিয়া জেলা কেন্দ্রের তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পের আয়োজনে মিরপুর উপজেলা পরিষদের হলরুমে প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, বর্তমান সরকার নারীদের উন্নয়নে বিভিন্ন প্রকল্প গ্রহণ করছে আর তা সুন্দরভাবে বাস্তবায়ন করে নারীরা যাতে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারে সেজন্য কাজ করে যাচ্ছে।

জাতীয় মহিলা সংস্থা কুষ্টিয়া জেলার সভাপতি জেবুন নেসা সবুজের সভাপতিত্বে এসময় মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) আবুল কাশেম জোয়ার্দার, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা জহুরুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিবা খাতুন, জাতীয় মহিলা সংস্থা কুষ্টিয়া জেলা কার্যালয়ের নির্বাহী কর্মকর্তাসহ তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পের প্রশিক্ষণ কর্মকর্তা ও প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।

জাতীয় মহিলা সংস্থা কুষ্টিয়া জেলার সভাপতি জেবুন নেসা সবুজ বলেন, কুষ্টিয়ায় তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পের আওতায় নারীদের বিউটিফিকেশন, ফ্যাশন ডিজাইন, ক্যাটারিং, বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড ই-

কর্মাস, ইন্টেরিয়র ডিজাইন অ্যান্ড ইভেন্ট ম্যানেজমেন্ট এই ৫টি বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে আর এই প্রশিক্ষণ গ্রহণ করে অসংখ্য নারী তাদের কর্মসংস্থানের নতুন যাত্রা শুরু করেছে। এবং এই প্রশিক্ষণ গ্রহণ করে নারীদের দক্ষতা, আত্মবিশ্বাস বৃদ্ধি পাচ্ছে আর ব্যবসা ও কর্মসংস্থানের কলা কৌশল শিখে তৃণমূল পর্যায়ের নারী উদ্যাক্তাদের অর্থনৈতিক সমৃদ্ধি ও বিকাশ সাধন তরান্বিত হচ্ছে।